বাংলাদেশ শিক্ষা ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইনকিলাব

তারিখ 25 JAN 1989
পৃষ্ঠা... কলাম...

৩২

16

# ডাকসু নির্বাচন
# আজ মনোনয়নপত্র গ্রহণ

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত ডাকসু নির্বাচনের মনোনয়নপত্র গ্রহণ করা হবে। দীর্ঘদিন যাবৎ প্রচেষ্টা চালিয়ে গতকাল পর্যন্ত কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ঐক্যবদ্ধ প্যানেলের ব্যাপারে মতৈক্যে পৌঁছতে পারেনি। তবে গতকাল গভীর রাতে এই রিপোর্ট লেখার সময় ৮ দল, ৫ দল ও ছাত্র সংগ্রাম পরিষদের

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ডাকসু

প্রথম পৃষ্ঠার পর

নেতৃবৃন্দের মধ্যে বৈঠক চলছিলো। আজ মনোনয়নপত্র জমা দেয়ার পূর্ব মুহূর্তেও ছাত্র সংগ্রাম পরিষদ কোন নাটকীয় সিদ্ধান্ত নিতে পারে বলে ছাত্র ইউনিয়নের একজন নেতা আশাবাদ ব্যক্ত করেছেন। যদি ৮ দল ও ৫ দলের নেতাদের বৈঠকেও এই ব্যাপারে ইতিবাচক কোন সিদ্ধান্ত নেয়া সম্ভব না হয় তবে ছাত্র সংগ্রাম পরিষদে আজ থেকেই ভাঙ্গন দেখা দেবে।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্র দল প্যানেল চূড়ান্ত করলেও ঘোষণা বাকী রেখেছে। অবশ্য অধিকাংশ হলে ছাত্র দল ইতিমধ্যেই প্যানেল ঘোষণা করেছে। ইসলামী ছাত্র শিবির ডাকসুতে সংগঠনের সভাপতি জনাব শামসুল ইসলামকে ভিপি এবং সাধারণ সম্পাদক জনাব আমিনুল ইসলাম মুকুলকে জিএস করে প্যানেল তৈরী করেছে বলে জানা গেছে। এছাড়া ছাত্র লীগ (বজলু আজম), বিপ্লবী ছাত্র মঞ্চসহ অন্যান্য ছাত্র সংগঠনও পৃথক পৃথকভাবে নির্বাচনে অংশ নেবে।